



“শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ”
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
কর্মচারী পরিদপ্তর
ওয়াপদা ভবন (৫ম তলা), মতিঝিল, ঢাকা।

নম্বর-২৭.১১.০০০০.২১০.৭২.০৮২.২৩.৮৫০

তারিখ: ৩১/১০/২০২৩ খ্রি.

বিজ্ঞপ্তি

বিষয়ঃ বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের যে সকল কর্মকর্তা ২০২৪ খ্রিস্টাব্দে ৫৯ বছর (মুক্তিযোদ্ধাদের ক্ষেত্রে ৬০ বছর) পূর্তিতে অবসর গ্রহণ করবেন তাদের তালিকা।

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের যে সকল কর্মকর্তার বয়স আগামী ২০২৪ খ্রিস্টাব্দে ৫৯ বছর (মুক্তিযোদ্ধাদের ক্ষেত্রে ৬০ বছর) পূর্ণ হবে অর্থাৎ ০১/০১/২০২৪ থেকে ৩১/১২/২০২৪ তারিখের মধ্যে যারা অবসর গ্রহণ করবেন তাদের একটি তালিকা ইআরপির মাধ্যমে প্রণয়ন করা হয়েছে। **অবসর গ্রহণের পরবর্তী দিন থেকে তাদের অবসর উত্তর ছুটি আরম্ভ হবে।**

এই তালিকায় উল্লিখিত জন্ম তারিখ এবং ৫৯ বছর (মুক্তিযোদ্ধাদের ক্ষেত্রে ৬০ বছর) পূর্তির তারিখের বিষয়ে কোন ভুল থাকলে তার ভিত্তিতে কোন সুবিধা/দাবী গ্রহণযোগ্য হবে না। তালিকাভুক্ত হওয়ার যোগ্য কর্মকর্তার নাম বাদ পড়ে থাকলে বা কোনো ভুল পরিলক্ষিত হলে ভুল সংশোধনের জন্য তার স্বপক্ষে প্রয়োজনীয় রেকর্ডপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে কর্মচারী পরিদপ্তরে প্রেরণ করতে হবে।

অত্র তালিকা জারীর প্রেক্ষিতে অবসর গ্রহণ/অবসর-উত্তর ছুটিতে গমনের জন্য নোটিশ প্রদান বাধ্যতামূলক বলে বিবেচিত হবে না। অবসর-উত্তর ছুটির জন্য যথাসময়ে আবেদন পাওয়া না গেলে “সরকারি চাকরি আইন, ২০১৮” এর ধারা-৪৩ মোতাবেক সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে ৫৯ বছর (মুক্তিযোদ্ধাদের ক্ষেত্রে ৬০ বছর) পূর্তির দিন হতে চূড়ান্ত অবসর প্রদান করা হবে।

তালিকায় উল্লিখিত কর্মকর্তাগণকে “বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (কর্মচারী) চাকরি বিধিমালা-১৯৮২” এর ৫১ (৫) বিধি অনুযায়ী অবসর গ্রহণের ন্যূনতম ১ (এক) মাস পূর্বে অপর পৃষ্ঠায় বর্ণিত কাগজপত্রাদিসহ অবসর-উত্তর ছুটি ও অনূর্ধ্ব ১৮ মাস ছুটি নগদায়ন (ল্যাম্পগ্র্যান্ট) মঞ্জুরীর জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

ইউজার/অ্যাডমিন আইডি দিয়ে ইআরপিতে লগ ইন করে ২০২৪ সালে অবসরগামী কর্মকর্তাগণের নামের তালিকা নিম্নোক্তভাবে ডাউনলোড করা যাবে:

(Log in→Human Resources→Reports→Final Upcoming Retirement List→Post Type:Officer→Date→Preview→Download)

নির্দেশক্রমে,

মোহাম্মদ মনোয়ার হোসেন

(মোহাম্মদ মনোয়ার হোসেন)

পরিচিতি নং ০২-০১২৫

উপপরিচালক-২ (কর্ম)

বিউবো, ঢাকা।

ফোন নং ০২২২৩৩৫৩০৯৬

তারিখ: ৩১/১০/২০২৩ খ্রি.

নম্বর-২৭.১১.০০০০.২১০.৭২.০৮২.২৩.৮৫০

বিতরণ:-

১. সকল দপ্তর প্রধান....., বিউবো,.....।
২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ঢাকা কম্পিউটার কেন্দ্র, বিউবো, ঢাকাকে বিউবো’র ওয়েবসাইটে বিজ্ঞপ্তিটি আপলোড করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
৩. জনাব.....।

মোহিন জাইমা

(মোহিন জাইমা)

পরিচিতি নং ০২-০৩৪৭

সহকারী পরিচালক-১০ (কর্ম)

বিউবো, ঢাকা।

অবসর-উত্তর ছুটি (PRL) ও অনূর্ধ্ব ১৮ মাস ছুটি নগদায়ন (লাম্পগ্রান্ট) জন্য প্রয়োজনীয় কাগজ:-

১। অবসর উত্তর ছুটি (ফরম ৬-এ) ও অনূর্ধ্ব ১৮ মাস ছুটি নগদায়ন (লাম্পগ্রান্ট) এর মঞ্জুরীর জন্য আবেদন (আবেদনের সাথে ইআরপি নম্বর, ব্যক্তিগত মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানা অবশ্যই সংযুক্ত করতে হবে)	- ১	কপি
২। ফরম-৫ এ হিসাব পরিদপ্তর, বিউবো, ঢাকার প্রতায়নসহ ছুটির হিসাব (মূল কপি)	- ১	"
৩। এসএসসি সার্টিফিকেট এবং কর্মচারী হতে কর্মকর্তা পদে পদোন্নতি প্রাপ্তদের ক্ষেত্রে চাকরি বহির ৩য় পৃষ্ঠার সত্যায়িত কপি	- ১	"
৪। বোর্ডের নির্ধারিত ছকে (ক্লিয়ারেন্স সার্টিফিকেট ফরম) সংশ্লিষ্ট দপ্তর সমূহের ছাড়পত্র (মূল কপি)	- ১	"
৫। তদন্ত ও শৃঙ্খলা পরিদপ্তর কর্তৃক বিভাগীয় মামলার বিষয়ে প্রতিবেদন (মূল কপি)	- ১	"
৬। যথাযথ ছকে সংশ্লিষ্ট নিয়ন্ত্রনকারী/দপ্তর প্রধান কর্তৃক স্বাক্ষরিত এবং আহিদ প্রধান কর্তৃক প্রতিস্বাক্ষরিত প্রত্যাশিত শেষ বেতন সনদ (ইএলপিসি) (মূল কপি)	- ১	"
৭। চাকরি স্থায়ীকরণের/নিয়মিতকরণর আদেশ	- ১	"
৮। চাকরি বিবরণী (যথাযথ ছকে সংশ্লিষ্ট নিয়ন্ত্রনকারী/দপ্তর প্রধান কর্তৃক স্বাক্ষরিত এবং আহিদ প্রধান কর্তৃক প্রতিস্বাক্ষরিত) প্রথম নিয়োগের পদ ও যোগদানের তারিখ হতে বর্তমান পদ পর্যন্ত (মূল কপি)	- ১	"